প্রিয় শিক্ষার্থী, শিক্ষক, সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ,

আপনারা জানেন বাংলাদেশের প্রতিটি মানুষ, প্রতিটি পরিবার আজ শঙ্কাবিদ্ধ। প্রাণপ্রিয় সন্তানের অপাপবিদ্ধ মুখের ওপর যেন কোনও অবস্থাতেই জঙ্গির দানবীয় চেহারার ছাপ না পড়ে তার জন্য দুঃশ্চিন্তাগ্রস্থ অভিভাবককুল। এই শ্বাসরুদ্ধকর পরিস্থিতির অবসান ঘটাতে হলে তাই আজ জাতিধর্মবর্ণ নির্বিশেষে আপামর মানুষকে হতে হবে ঐক্যবদ্ধ।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ও এই সর্বব্যাপী প্রতিরোধের বিশ্বস্ত সৈনিক। আর এরই অংশ হিসেবে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জঙ্গিবাদ ও সন্ত্রাস প্রতিরোধ কমিটি গঠন করে কতিপয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করেছেঃ

১. জঙ্গিবাদ এবং সন্ত্রাসবাদের সঙ্গে সংশ্লিষ্ট কোনও প্রকার কার্যক্রম, তৎপরতা, প্রকাশ্য বা গোপন প্রচারণা সম্পর্কে সামান্যতম আভাস পাওয়া গেলে তা সুনির্দিষ্ট কর্তৃপক্ষের গোচরীভূত করুন;

২. কোনও ভাবেই অসত্য বা বিভ্রান্তিমূলক কিংবা প্রতিহিংসাপ্রসূত এমন তথ্য পরিবেশন করা উচিৎ হবে না যা নির্দোষ বা নিরীহ ব্যক্তিকে বিপন্ন করে;

৩. শোধন প্রক্রিয়ার ভেতর দিয়ে সুস্থ দায়িত্বসম্পন্ন, মানবিক, আলোকিত মানুষ সৃষ্টির উদ্যোগ গ্রহণই আমাদের ব্রত;

৪. মনে রাখবেন আপনার প্রদত্ত তথ্য এই প্রতিষ্ঠানের ভাবমূর্তি উজ্জ্বলতর করার ক্ষেত্রে অত্যন্ত সহায়ক এবং কোনও পতনোন্মুখ বিষাদগ্রস্থ পরিবারের রক্ষাকবচ হবে;

৫. আপনার পরিবেশিত তথ্য সর্বাংশেই গোপন থাকবে; যাতে আপনি কোনওভাবে বিব্রত বা শঙ্কাগ্রস্থ না হন তার জন্য এই কমিটি সর্বোচ্চ সহযোগিতা প্রদান করবে।

আসুন, দেশ-জাতি এবং এই প্রতিষ্ঠানের নিরাপত্তা ও কল্যাণের জন্য আমরা সঙ্ঘবদ্ধভাবে আমাদের পবিত্র দায়িত্ব পালন করি।

সন্ত্রাস প্রতিরোধ কমিটি
ভাইস চ্যান্সেলরস্ অফিস
নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়

তথ্য প্রেরণের ঠিকানাঃ

১. info_atc@northsouth.edu

২. সন্ত্রাস প্রতিরোধ কমিটি, ভাইস চ্যান্সেলরস অফিস, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়